**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 12-10-2025** | **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** | **Compiling : S. Basu**
**DEO : KB** | **NR : S.Basu**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে বেসরকারি মেডিকেল কলেজের দ্বিতীয় বর্ষের পড়ুয়া ওড়িশার ছাত্রীর গণধর্ষণের অভিযোগে উত্তপ্ত রাজ্য রাজনীতি। # রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির অভিযোগ বিরোধী দলগুলির। # পাঁচ দিনের মধ্যে পুলিশের কাছে ব্যবস্থা গ্রহণ সম্পর্কিত রিপোর্ট তলব জাতীয় মহিলা কমিশনের। # অপরাধীদের উপযুক্ত শাস্তির দাবী, ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝির।

২) রাজ্যের ২৯৪ টি বিধানসভা কেন্দ্রে ERO হিসেবে শুধুমাত্র মহকুমা শাসক এবং রেভেনিউ ডিভিশনাল অফিসার পদমর্যাদার আধিকারিকদের নিয়োগের কড়া নির্দেশ জারি করেছে নির্বাচন কমিশন।

৩/ উত্তরবঙ্গে বিপর্যয়ের কারণে ক্ষতিগ্রস্ত সব কৃষককে শস্যবীমার আওতায় নিয়ে আসা হবে বলে রাজ্য সরকার জানিয়েছে।

৪/ রাজ্যের বেশ কয়েকটি জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস আবহাওয়া দপ্তরের।

*************************************************************************

দুর্গাপুরের বেসরকারি মেডিক্যাল কলেজে দ্বিতীয় বর্ষের মেডিকেল পড়ুয়া ওড়িশার ছাত্রীর গণধর্ষণের অভিযোগে উত্তপ্ত রাজ্য রাজনীতি। রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির অভিযোগ করেছে বিরোধী দলগুলি। ওড়িশার জলেশ্বরের বাসিন্দা, বেসরকারী মেডিকেল কলেজের ওই ছাত্রী শুক্রবার রাতে সহপাঠীর সঙ্গে খাবার কেনার জন্য কলেজের বাইরে গিয়েছিলেন। সে সময় কয়েকজন দুষ্কৃতী তাকে নির্জন জায়গায় নিয়ে গিয়ে গণধর্ষণ করে বলে অভিযোগ। ইতমধ্যেই রেকর্ড করা হয়েছে তাঁর বয়ান। ওই পড়ুয়ার সঙ্গীকে আটক করে পুলিশ জিজ্ঞাসাবাদ করছে।

ঘটনার খবর প্রকাশ্যে আসতেই ক্ষোভে ফেটে পড়েন কলেজের পড়ুয়ারা। তাঁরা নিরাপত্তার দাবিতে বিক্ষোভ অবস্থানে বসেন। ঘেরাও করে রাখা হয় কলেজের অধ্যক্ষকে। পড়ুয়াদের পাশাপাশি বিভিন্ন রাজনৈতিক দলের কর্মী সমর্থকরা কলেজে বিক্ষোভ দেখান। বাম কর্মী সমর্থকদের সঙ্গে বচসা বাধে মেডিক্যাল কলেজটির রক্ষীদের। বিজেপি এবং ABVP কর্মী সমর্থকরাও কলেজ চত্ত্বরে বিক্ষোভে সামিল হন।

********************************

জাতীয় মহিলা কমিশন, দুর্গাপুরে গণধর্ষণের অভিযোগে স্বতঃপ্রণোদিতভাবে পদক্ষেপ করেছে। কমিশনের চেয়ারপার্সন বিজয়া রাহাতকর রাজ্য পুলিশের মহানির্দেশককে চিঠি লিখে সমস্ত অভিযুক্তদের অবিলম্বে গ্রেপ্তার, দ্রুত ও স্বচ্ছ তদন্ত, এবং নির্যাতিতার জন্য উপযুক্ত চিকিৎসা ও মানবিক সহায়তার দাবি জানিয়েছেন। এবিষয়ে কি ব্যবস্থা নেওয়া হলো তা ৫ দিনের মধ্যে জানাতে বলা হয়েছে। বিষয়গুলির উপযুক্ত তদারকি নিশ্চিত করতে, জাতীয় মহিলা কমিশনের সদস্য ডাক্তার অর্চনা মজুমদার, গতকাল দুর্গাপুরে গিয়ে নির্যাতিতার সঙ্গে সাক্ষাৎ করেছেন। অপরাধীদের শাস্তি হয় না বলেই রাজ্যে নারীদের ওপর অপরাধ বাড়ছে বলে তিনি মন্তব্য করেছেন।

(বাইট – অর্চনা মজুমদার )

বিরোধী দলগুলিও এই ঘটনায় তৃণমূল কংগ্রেস সরকারের কড়া সমালোচনা করেছে। একের পর এক ধর্ষণের ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিবৃতির দাবি জানিয়েছেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

( বাইট-শুভেন্দু )

পাশাপাশি জলপাইগুড়ির রাজগঞ্জের বানিয়াপুর এলাকায় নাবালিকার ধর্ষণের ঘটনায় অভিযুক্তের ফাঁসির সাজা হলেও তা এখনও কার্যকর হয়নি কেন, সেই প্রশ্ন তুলেছেন শুভেন্দুবাবু।

রাজ্যে নারী সুরক্ষা নিয়ে প্রশ্ন তুলেছে CPIM ও। দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তি বলেন, বারবার রাজ্যে ধর্ষনের ঘটনা ঘটলেও রাজ্য প্রশাসন নিশ্চুপ।

( বাইট-সুজন )

দুর্গাপুরের বেসরকারি মেডিক্যাল কলেজের ডাক্তারি পড়ুয়ার গণধর্ষণের ঘটনায় তিনি মর্মাহত বলে ওড়িশার মুখ্যমন্ত্রী মোহনচরণ মাঝি মন্তব্য করেছেন। সমাজমাধ্যমে এক বার্তায় তিনি এই ঘটনার উপযুক্ত তদন্ত করে অপরাধীদের শাস্তির দাবি জানান। পাশাপাশি, পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে ওড়িশার আধিকারিকদের যোগাযোগ রেখে চলারও নির্দেশ তিনি দিয়েছেন।

এদিকে, আর জি করের পিজিটি তরুণী চিকিৎসকের ধর্ষণ ও মৃত্যুর পর ফের একবার ডাক্তারি পড়ুয়ার ওপর অত্যাচারের ঘটনায় সরব হয়েছেন চিকিৎসক মহল থেকে সাধারণ মানুষ। ডাক্তারদের সংগঠন সার্ভিস ডক্টর্স ফোরাম, অ্যাসোসিয়েশন অফ হেল্থ সার্ভিস ডক্টর্স এই ঘটনার নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছে। জুনিয়ার ডাক্তারদের সংগঠন গুলিও এই ঘটনার তীব্র নিন্দা করেছে।

*****************************

রাজ্যের ২৯৪'টি বিধানসভা কেন্দ্রে ERO নিয়োগ নিয়ে নির্বাচন কমিশন কড়া অবস্থান নিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালকে চিঠি দিয়ে কমিশন স্পষ্ট জানিয়েছে—শুধুমাত্র মহকুমা শাসক বা সাব ডিভিশনাল ম্যাজিস্ট্রেট, রাজস্ব বিভাগের রেভিনিউ ডিভিশনাল অফিসার-পদমর্যাদার আধিকারিকদেরকেই ERO হিসাবে নিয়োগ করতে হবে। নির্দিষ্ট পদমর্যাদার বাইরে অন্য কোনও আধিকারিককে ERO করা যাবে না বলে স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে।

কমিশনের পাঠানো চিঠিতে উল্লেখ করা হয়েছে যে, ইতমধ্যে ৬৮টি বিধানসভা কেন্দ্রে এসডিএম বা এসডিও-দের ERO হিসাবে নিয়োগ করা হয়েছে। তবে ৭৮টি বিধানসভা কেন্দ্রে এই নিয়ম মানা হয়নি। সেখানে অন্য পদমর্যাদার আধিকারিকদের ERO করা হয়েছে, যা কমিশনের গাইড লাইনের পরিপন্থী। সেই কারণেই রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থকেও চিঠি পাঠিয়ে এই ৭৮টি বিধানসভা কেন্দ্রে অবিলম্বে সংশোধন করে কেবল এসডিএম বা এসডিওদের ERO নিয়োগের নির্দেশ দিয়েছে কমিশন। চিঠিতে আরও বলা হয়েছে, ১৫২টি বিধানসভা কেন্দ্রে এসডিও র‍্যাঙ্কের নিচে থাকা আধিকারিকদের ইআরও করা হয়েছে, যা কমিশনের মানদণ্ডের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। এই পরিস্থিতিতে নির্বাচন কমিশন রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে কমিশনের নির্ধারিত নিয়ম মেনে দ্রুত পদক্ষেপ নিতে।

******************************

নির্বাচন কমিশন, এবার পর্দানশীন বা বোরখা পরিহিত মহিলা ভোটারদের জন্য ভোটকেন্দ্রে বিশেষ ব্যবস্থা করার সিদ্ধান্ত নিয়েছে। কমিশন স্পষ্টভাবে জানিয়েছে, এই শ্রেণির মহিলা ভোটারদের সঠিকভাবে সনাক্তকরণের জন্য প্রতিটি ভোটকেন্দ্রে একজন মহিলা নির্বাচন কর্মী বা সহকারীর উপস্থিতি বাধ্যতামূলক করা হবে। ধর্মীয় আচার ও শালীনতার প্রতি পূর্ণ সম্মান রেখেই এই প্রক্রিয়া সম্পন্ন হবে।

******************************

উত্তরবঙ্গে বিপর্যয়ের কারণে ক্ষতিগ্রস্থ সব কৃষককে শস্যবীমার আওতায় নিয়ে আসা হবে বলে রাজ্য সরকার জানিয়েছে। নদীর চরে দীর্ঘদিন ধরে চাষবাস করছেন এমন কৃষকরাও সরকারি সুবিধা পাবেন বলে জানিয়েছেন কৃষি মন্ত্রী শোভনদেব চট্টপাধ্যায়।

গতকাল নবান্নে উত্তরবঙ্গের ফসলের ক্ষয়ক্ষতি পর্যালোচনার জন্য এক বৈঠকে বসেছিলেন কৃষি মন্ত্রী। উপস্থিত ছিলেন কৃষি সচিব ওঙ্কার সিং মীনা এবং উত্তরবঙ্গের বিভিন্ন জেলার আধিকারিকরা। সেখানেই বীমার আওতায় না থাকা কৃষকদের নাম নথিভুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত হয়েছে। জেলা প্রশাসনের কাছ থেকে কৃষি দপ্তর ওই কৃষকদের নামের তালিকাসংগ্রহ করবে।

এদিকে, সোমবারের বদলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ'ই উত্তরবঙ্গ যাচ্ছেন। দুপুর দেড়টা নাগাদ বিমানে হাসিমারা পৌঁছবেন তিনি। সেখানে তাঁর প্রশাসনিক বৈঠক করার কথা। উত্তরবঙ্গের সাম্প্রতিক পরিস্থিতি পর্যালোচনা করবেন তিনি। তারপর তাঁর দার্জিলিং যাওয়ার কথা। বুধবার বিকেলে মুখ্যমন্ত্রী কলকাতায় ফিরবেন।

******************************

রাজ্য সরকার উত্তরবঙ্গে সাম্প্রতিক দুর্যোগে বন্যা ও ভূমিধসে ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ সরবরাহের কাজে সুবিধায় আরো অতিরিক্ত ৪৬ টি সুফল বাংলা স্টল চালু করেছে। এই ধরনের ১৪৬ টি ভ্রাম্যমান স্টল থেকে ত্রাণ শিবির ও স্থানীয় বাসিন্দাদের প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ করা হচ্ছে বলে এক বিবৃতিতে জানানো হয়েছে। অন্যদিকে, কৃষি দপ্তরের তরফে ইতিমধ্যেই ক্ষতিগ্রস্ত কৃষকদের হাতে এক কোটি ২৩ লক্ষ টাকা মূল্যের মুসুর ডাল, ভুট্টা, সর্ষের বীজ তুলে দেওয়া হয়েছে।

******************************

বিজেপি সাংসদ খগেন মুর্মুর ওপর নাগরাকাটায় হামলার ঘটনায় রাজ্য পুলিশের ডিজি এবং জলপাইগুড়ি জেলা পুলিশ সুপারের কাছে রিপোর্ট চেয়েছে তপশীলি উপজাতি কমিশন। তিনদিনের মধ্যে এই রিপোর্ট জমা দিতে বলা হয়।

উল্লেখ্য, গত ৬'ই অক্টোবর জলপাইগুড়ির নাগরাকাটার বামনডাঙায় ত্রাণ দিতে গিয়ে হামলার মুখে পড়েন বিজেপি সাংসদ খগেন মুর্মু এবং বিধায়ক শঙ্কর ঘোষ।

*****************************

কলকাতা মেট্রো রেলের পার্পেল লাইনে, খিদিরপুর থেকে ভিক্টোরিয়া পর্যন্ত দ্বিতীয় টানেলের খনন কাজ গতকাল শুরু হয়েছে। প্রথম টানেলের খননের কাজ গত ১০ জুলাই শুরু হয়েছিল। গতকাল সন্ধ্যায়, খিদিরপুরের সেন্ট থমাস স্কুল প্রাঙ্গণে কলকাতা মেট্রো রেলের জেনারেল ম্যানেজার শুভ্রাংশু মিশ্র দ্বিতীয় টানেল বোরিং মেশিন (TBM) দিব্যা-র মাধ্যম খনন কাজের উদ্বোধন করেন। মেট্রো রেল ছাড়াও, রেল বিকাশ নিগম লিমিটেড RVNL এবং সেন্ট থমাস স্কুলের ঊর্ধ্বতন কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

*****************************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ জাতীয় মানবাধিকার কমিশন এর প্রতিষ্ঠা দিবস উদযাপিত হচ্ছে। মানবাধিকার সুরক্ষা অধ্যাদেশ ১৯৯৩ এর অধীনে এই কমিশন প্রতিষ্ঠিত হয়েছিল। স্বাধীনতা, সমতা ও মর্যাদার ভিত্তিতে দেশের মানুষের মানবাধিকার সুরক্ষা, জাতীয় মানবাধিকার কমিশন এর লক্ষ্য।

*****************************

কলকাতা সহ দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। উত্তরবঙ্গের ক্ষেত্রেও আগামীকাল পর্যন্ত দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং-এর কিছু কিছু জায়গায় বৃষ্টির সম্ভাবনা।

দু-একদিনের মধ্যেই দক্ষিণবঙ্গ থেকে বর্ষা বিদায় নেবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

*******************************************************************